**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/24/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# অর্লিন্স কাউন্টিতে বন্যার বিরুদ্ধে স্থিতিস্থাপকতা প্রকল্পের সমাপ্তির কথা ঘোষণা করেছেন গভর্নর হোচুল

***1.7 মিলিয়ন ডলারের উপকূল স্থিতিশীলকরণ প্রকল্প কার্ল্টন টাউনের গুরুত্বপূর্ণ সড়কপথকে সুরক্ষিত রাখবে***

***261,000 মার্কিন ডলার লেকসাইড পার্ক রোডের নতুন অ্যাকসেস রোড এবং উপকূল স্থিতিশীলকরণ নির্মাণের জন্য প্রদান করা হয়েছে; আবাসিক ও সংকটকালীন যানবাহনের অব্যাহত অ্যাকসেস নিশ্চিত করবে***

***স্টেটের স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের মাধ্যমে প্রকল্পটির অনুদান প্রদান করা হয়েছে***

***মোট 300 মিলিয়ন ডলার লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর উপকূলবর্তী সম্প্রদায়ের জন্য মনোনীত***

***সম্পূর্ণ করা প্রকল্পসমূহের ছবিগুলি এখানে***

গভর্নর হোচুল আজকে রাজ্যের স্থিতিশীলতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগের (Resiliency and Economic Development Initiative, REDI) অংশ হিসেবে অর্লিন্স কাউন্টির কার্লটন শহরের লেকশোর রোডের একটি 1.7 মিলিয়ন ডলার ব্যয়ের স্থিতিশীলতা প্রকল্পের নির্মাণ কাজ শেষ হয়েছে বলে ঘোষণা করেছেন। পূর্বের বরফের চাপ এবং গুরুতর ঝড়ের ক্ষতির ফলে লেকশোর রোড সংলগ্ন পার ক্ষয়ে গেছে, যার ফলে রাস্তায় বিপজ্জনক পরিস্থিতি সৃষ্ট হয়েছে তাই নয়, তার সাথে সরকারী ইউটিলিটিগুলি ও বেসরকারি সম্পত্তিও ঝুঁকিতে ফেলেছে। এর প্রতিকার হিসেবে, এই প্রকল্পে আছে উপকূলে বিভিন্ন আয়তনের পাথরের স্তর দ্বারা পার বাঁধানোর ব্যবস্থা সহ ঢাল পুনরায় গ্রেডিং করে ভূমি ক্ষয়ের মোকাবিলা করা এবং উপকূলের সুরক্ষা শক্তিশালী করা। তাছাড়াও, পারের বাঁধ ও ঢালের মাঝের অংশে গাছপালা লাগানো হয়েছে সম্ভাব্য ক্ষয়ের ফলে হওয়া ক্ষতি হ্রাস করতে এবং ঢালের নিচের অংশ সুরক্ষিত রাখতে। রাস্তা বরাবর উন্নত ঝড়ের জল সংগ্রহ এবং ল্যান্ডস্কেপিং করাও অত্যাধিক বর্ষণের সময় বন্যা হ্রাস করতে সহায়তা করবে।

"অন্টারিও হ্রদের ধারে অনেক উপকূলীয় সম্প্রদায় জলবায়ু পরিবর্তনের প্রভাবকে আরো গুরুতর ঝড় এবং ঐতিহাসিক বন্যার ঘটনার মাধ্যমে ভোগ করেছে, এবং নিউ ইয়র্কের REDI প্রোগ্রামের মাধ্যমে, আমরা এই সম্প্রদায়গুলিতে কৌশলগত বিনিয়োগ করছি যাতে অঞ্চলটিকে এর বাসিন্দা এবং দর্শকদের জন্য নিরাপদ করে তোলা যায়।" **গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যখন আমরা ভবিষ্যতের দিকে তাকাই, এই সম্প্রদায়গুলিতে বসবাসকারী মানুষদের রক্ষা করা আমার সর্বোচ্চ অগ্রাধিকার, এবং এই ধরনের উপকূলীয় স্থিতিস্থাপকতার প্রকল্পগুলি বন্যা প্রশমিত করতে, নিরাপত্তা বাড়াতে এবং টেকসই পরিকাঠামো তৈরি করতে সহায়তা করবে।"

উপরন্তু, গভর্নর হোচুল কার্লটিন শহরে প্রদান করা 261,000 ডলারের স্থিতিস্থাপকতা প্রকল্পের কাজ সমাপ্তির ঘোষণা করেছেন, এবং সেটিও REDI প্রোগ্রামের মাধ্যমে সম্পন্ন হয়েছে। এই প্রকল্পে গৃহীত বন্যার বিরুদ্ধে স্থিতিস্থাপকতামূলক পদক্ষেপগুলির মধ্যে রয়েছে একটি নতুন প্রবেশ পথ নির্মাণ এবং ভবিষ্যতে উচ্চ-জলের ইভেন্টের সময় সরকারী জলের লাইন রক্ষা করার জন্য উপকূল বরাবর রিপ্র্যাপ পাথর স্থাপন। লেকসাইড পার্ক রোড বরাবর উপকূলরেখা, যা লেকের মধ্যবর্তী একটি উপদ্বীপ বরাবর চলে অন্টারিও এবং জনসন ক্রিকের মধ্যে, বারবার বন্যার কারণে অধঃপতনের সম্মুখীন হয়েছে। উপকূলীয় ক্ষয়ের কারণে প্রবেশের রাস্তাটি ব্যবহারের অনুপযোগী হয়ে পবে, যার ফলে বাড়িঘর রক্ষাকারী জমির ক্ষতি হয় এবং আনুমানিক 300 রৈখিক ফুট সরকারী জলের লাইন উন্মুক্ত ও বিপন্ন হয়ে পরে। সমাপ্ত প্রকল্পটি ভবিষ্যতে বন্যার ঝুঁকি প্রশমিত করে এবং লেকসাইড পার্ক রোডের ক্ষয় হ্রাস করে, যা বাসিন্দাদের এবং জরুরি প্রতিক্রিয়াকারীদের জন্য নিরাপদ প্রবেশাধিকার নিশ্চিত করে এবং গুরুত্বপূর্ণ পরিকাঠামো রক্ষা করে।

**ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং REDI-র কো-চেয়ার বেসিল সেগোস বলেন,**"REDI বিনিয়োগের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদী অঞ্চল জুড়ে স্থানীয় সরকারের সাথে অংশীদারিত্ব করছে সেই সব প্রকল্পগুলি অগ্রসর করার জন্য যা ঐতিহাসিকভাবে তীব্র ঝড় থেকে বন্যার কবলে পরে এমন উপকূলীয় সম্প্রদায়গুলিকে রক্ষা করবে। সম্প্রদায়ের নেতারা বাসিন্দাদের প্রবেশাধিকার নিশ্চিত করতে লেকশোর রোড বরাবর উপকূলকে শক্তিশালী করার গুরুত্বপূর্ণ প্রয়োজনীয়তা চিহ্নিত করেছেন এবং কার্লটিন শহরের দর্শনার্থীদের অ্যাকসেস নিশ্চিত করতে, এবং আজ এই প্রকল্পের অগ্রগতিতে একটি উল্লেখযোগ্য মাইলফলক চিহ্নিত করে।"

**স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের (State Department of Transportation) কমিশনার মেরি থেরেসি ডমিনগুয়েজ বলেন,** "আমাদের পরিবর্তিত জলবায়ুর প্রভাবগুলি উপকূলীয় সম্প্রদায় এবং আমাদের পরিবহন পরিকাঠামোকে প্রতিকূলভাবে প্রভাবিত করে চলেছো।ক্ষয় ও বন্যা বারবার লেকসাইড পার্ক রোডকে চলাচলের অনুপযোগী করে তুলেছে, যার ফলে বাসিন্দাদের এবং জরুরী কাজের কর্মীদের, উভয়েরই, বিলম্ব এবং অসুবিধার সৃষ্টি হয়েছে। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন, REDI কমিশনে (REDI Commission) আমাদের স্থানীয় এবং রাষ্ট্রীয় অংশীদারদের সাথে, আমাদের পরিকাঠামোকে আরও স্থিতিস্থাপক করার প্রতিশ্রুতিতে অটুট রয়েছে, এবং এই প্রকল্পটি ঠিক এটিই সমর্থন করতে সহায়তা করে।"

**স্টেট পার্কসের (State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন,** "নিউ ইয়র্ক স্টেট অন্টারিও লেক সম্প্রদায়গুলিকে ভবিষ্যতের ঝড় এবং বন্যা থেকে রক্ষা করার জন্য অগ্রগতি অব্যাহত রেখেছে। কার্লটন শহরের সাথে এই সর্বশেষ সহযোগিতা অত্যাবশ্যক সরকারী পরিকাঠামো এবং ব্যক্তিগত সম্পত্তি রক্ষা করতে সাহায্য করবে, পাশাপাশি উপকূলীয় ক্ষয় আরো হ্রাস করবে।"

**সিনেটর রবার্ট অর্ট বলেন,** "দ্রুত ক্ষয় হওয়া উপকূলরেখা এবং লেকশোর রোড বরাবর গুরুত্বপূর্ণ পরিকাঠামোর ঝুঁকির কারণে জননিরাপত্তা রক্ষার জন্য নিউ ইয়র্ক স্টেট এবং REDI কমিশনের দ্রুত এবং সিদ্ধান্তমূলক পদক্ষেপের প্রয়োজন ছিল। এই পরিস্থিতিতে হস্তক্ষেপ করে, চলমান ক্ষয়ের মোকাবেলা করে, এবং বিদ্যমান উপকূলরেখার সুরক্ষায় যথাযথ সংশোধনমূলক উন্নতি করে, আমাদের রাজ্য বর্তমান নিরাপত্তার উদ্বেগগুলি সমাধান করবে এবং ভবিষ্যতে উদ্‌ভূত সম্ভাব্য সমস্যাগুলির বিরুদ্ধে সুরক্ষা প্রদান করবে।"

**সংসদ সদস্য স্টিফেন হাওলি বলেন,** "আমাদের উপকূলরেখার সংরক্ষণ এবং আমাদের রাস্তাগুলির সুরক্ষা সর্বদাই অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাই এই প্রকল্পটিকে তার সমাপ্তিতে এসে পৌঁছেতে দেখা যারা এই অঞ্চল দিয়ে ভ্রমণ করেন তাদের জন্য অত্যন্ত স্বাগত খবর। জুলাই মাসে আর্মি কর্পস অফ ইঞ্জিনিয়ার্সের (Army Corps of Engineers) সাথে সফরে যাওয়ার সময় আমি সরাসরি দেখেছিলাম, রাস্তার ধারে যে ভাঙন ঘটছে তা যাত্রীদের নিরাপত্তার জন্য সত্যিকারের বিপদ হয়ে উঠত যদি তার মোকাবিলা না করা হত। উপরন্তু, রাস্তার ক্ষতি কর্মীদের যাতায়াতের সময় এবং জরুরী যানবাহনের যাত্রার সময় বাড়িয়ে দেবে এবং আমাদের অঞ্চলের হারানো অর্থনৈতিক কার্যকলাপ বাবদ হাজার হাজার ডলার নষ্ট হওয়ার কারণ হতে পারে।"

**অরলিন্স কাউন্টি লেজিসলেটিভ চেয়ার লিন জনসন বলেন,** "যখন আমরা লেকশোর রোড REDI প্রকল্পটিকে উল্লেখযোগ্যভাবে পরিসমাপ্তিতে নিয়ে আসতে প্রস্তুত, আমরা এই প্রকল্পটিকে বাস্তবে পরিণত করার জন্য গভর্নর এবং REDI কমিশনকে আমাদের ধন্যবাদ জানাই। তাদের সহায়তায়, অরলিন্স কাউন্টি আমাদের পরিকাঠামোর একটি গুরুত্বপূর্ণ অংশকে আরও স্থিতিস্থাপক সম্পদে রূপান্তর করতে সক্ষম হয়েছে। আমরা এই প্রক্রিয়ার সাথে জড়িত সবাইকে ধন্যবাদ জানানর জন্য এই সুযোগটি নিতে চাই। পুরো দলটি এক অসাধারণ কাজ করেছে। আমরা লেকশোর রোডের বাসিন্দাদের তাদের ধৈর্যের জন্য ধন্যবাদ জানাতে চাই, কারণ আমরা তাদের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত করেছি। তাদের সহযোগিতা ছাড়া এই প্রকল্প বাস্তবায়িত যেত না।"

**টাউন অফ কার্লটন সুপারভাইজার গেইল অ্যাশবেরি বলেন,** "কার্লটন শহর আনন্দিত যে নিউ ইয়র্ক স্টেটের সাথে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে এবং উপকূলীয় সম্প্রদায়গুলির প্রতি গভর্নর হোচুলের অব্যাহত অঙ্গীকারবদ্ধতার সাথে, লেকশোর পার্ক রোড বন্যার বিরুদ্ধে স্থিতিস্থাপকতা প্রকল্পটি সম্পূর্ণ হয়েছে। যখন লেক অন্টারিওর জল বৃদ্ধি পায়, এবং আমরা ভবিষ্যতে বন্যার সম্মুখীন হই, তখন আমরা বিশ্বাস রাখতে পারি যে আমাদের উপকূলরেখা নিরাপদ, এবং গুরুত্বপূর্ণ জলরেখা সংক্রান্ত পরিকাঠামো নিরাপদ আছে।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রসারিত ধরণের প্রতিক্রিয়া হিসেবে নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে উপকূলীয় কমিউনিটিগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা এবং ওসওয়েগো এবং জেফারসন এবং সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI-এর মাধ্যমে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর বন্যা প্রবণ অঞ্চলের টেকসইতা উন্নত করতে স্টেট 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

2019 সালের বসন্তে স্টেটের REDI প্রকল্প প্রতিষ্ঠার সময় থেকে এখন পর্যন্ত REDI এর অর্থায়নে 134টি স্থানীয় ও আঞ্চলিক প্রকল্প পরিচালিত হচ্ছে, যার মধ্যে 82-টি প্রকল্প নকশা প্রণয়নের পর্যায়ে রয়েছে, 19-টি প্রকল্পের নির্মাণ কাজ চলছে, এবং 33-টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে।

আরো তথ্য, প্রোজেক্ট প্রোফাইল ও REDI বিষয়ক সংবাদের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418